



বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০।

www.btrc.gov.bd



প্রেস বিজ্ঞপ্তি


মোবাইল অপারেটরদের মাধ্যমে ০৬, ১৫, ২৬ ও ৪০ জিবি'র নতুন আনলিমিটেড (মেয়াদবিহীন) ডাটা প্যাকেজ চালু

ঢাকা, ২১ আগস্ট ২০২২।

দেশের মোবাইল ফোন গ্রাহকদের স্বার্থ বিবেচনায় বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) বেসরকারি মোবাইল ফোন অপারেটর গ্রামীণফোন লিঃ এবং সরকারি মোবাইল ফোন অপারেটর টেলিটক বাংলাদেশ লিঃ এর মাধ্যমে নতুন আনলিমিটেড মেয়াদের ০৪টি ডাটা প্যাকেজ চালু করা হয়েছে। মোবাইল অপারেটর গ্রামীণফোন লিঃ এর মাধ্যমে চালুকৃত প্যাকেজগুলো যথাক্রমেঃ ১,১৯৯ টাকায় ৪০ জিবি এবং ৫৪৯ টাকায় ১৫ জিবি ডাটা। এছাড়া, টেলিটক বাংলাদেশ লিমিটেডের মাধ্যমে ১২৭ টাকায় ০৬ জিবি এবং ৩০৯ টাকায় ২৬ জিবি ডাটা প্যাকেজ চালু করা হয়েছে।

উল্লেখ্য, গত ২৮ এপ্রিল ২০২২ তারিখে বিটিআরসি'র নির্দেশনা অনুযায়ী দেশের মোবাইল অপারেটরসমূহ বাজারে প্রথম আনলিমিটেড মেয়াদের ডাটা প্যাকেজ প্রদান করে। অন্যান্য অপারেটরসমূহও পর্যায়ক্রমে নতুন করে আনলিমিটেড মেয়াদের ডাটা প্যাকেজ চালু করবে। আনলিমিটেড মেয়াদের ডাটা প্যাকেজ উপভোগকারী গ্রাহকদের প্রযোজ্য ক্ষেত্রে বিদ্যমান বিস রিসাইকেল প্রক্রিয়া এবং নির্দেশিকা অনুসরণ করা হবে।

অনুরোধক্রমে


২১/০৮/২০২২

(সো: জাকির হোসেন খান)

উপ-পরিচালক

মিডিয়া কমিউনিকেশন এন্ড পাবলিক রিটিআরসি

বিটিআরসি

যোগাযোগঃ ০২৫৫২২০২।৪০

Email: zakirkhan@btrc.gov.bd

প্রাপক (সদয় কার্যার্থে):

০১। উপ-মহাপরিচালক (বার্তা)

বাংলাদেশ টেলিভিশন এবং

০২। সম্পাদক/ প্রধান বার্তা সম্পাদক, দৈনিক সংবাদপত্র;

হেড অব নিউজ/ চীফ নিউজ এডিটর;

বার্তা সংস্থা/ টেলিভিশন চ্যানেল/রেডিও চ্যানেল;

অনলাইন নিউজ, ঢাকা, বাংলাদেশ।

০৩। মহাপরিচালক (এসএস), বিটিআরসি।

০৪। সচিব, বিটিআরসি।

০৫। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, ভাইস চেয়ারম্যান ও কমিশনার মহোদয়গণের ব্যক্তিগত কর্মকর্তা (ইহা মহোদয়গণের স্বার্থ অবগতির জন্য), বিটিআরসি।

০৬। অফিস কপি